

## ঢাকা ওয়াসা

**Name of the Work: Repair and maintenance of 05 nos. IP camera of Store Division, Dhaka WASA**

### অনুচ্ছেদ: ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাছ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মক্স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুৰাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এস.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বস্ত্র গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বস্ত্র গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। ভান্ডার বিভাগের মূল্যবান মালামালের সার্বিক নিরাপত্তার জন্য ৯ (নয়) জন আনসার ও ১২ (বারো) জন জিফোরএস নিরাপত্তাকর্মী নিয়োজিত আছে। মূল্যবান মালামাল থাকার কারণে প্রায়ই চোর প্রবেশের চেষ্টা করে। তাই ভান্ডার বিভাগের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য আইপি ক্যামেরা স্থাপন করা আছে। কিছু দিন পূর্বে ঝড়-বৃষ্টির সময় লাইটেনিং সার্জের কারণে অফিস কম্পাউন্ডের বিভিন্ন লোকেশনে স্থাপিত ৫টি আইপি ক্যামেরার মধ্য হতে ৫টি আইপি ক্যামেরা নষ্ট হয়ে গেছে, যা মেরামত করা দরকার। এছাড়া প্রচণ্ড ঝড়ে আরো ৬টি ক্যামেরার সংযোগ (অপটিক্যাল ফাইবার ক্যাবল) বিচ্ছিন্ন হয়ে গেছে, যা প্রয়োজনীয় মালামাল দ্বারা ফিটিং-ফিল্ডিং করা প্রয়োজন।

### অনুচ্ছেদ: ১.১

উপর্যুক্ত বর্ণনার আলোকে "Repair and maintenance of 05 nos. IP camera of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হ'ল। বর্তমান বাজার দর (সংযুক্তি-২) এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ৬২৪,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১, ক্রমিক নং-১১৪) এর খোক বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের "ভান্ডার রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

|            |                                                                                   |
|------------|-----------------------------------------------------------------------------------|
| সংযুক্তি-১ | ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি। |
| সংযুক্তি-২ | বর্তমান বাজার দর।                                                                 |
| সংযুক্তি-৩ | প্রাক্কলন।                                                                        |

### অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, "Repair and maintenance of 05 nos. IP camera of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৬২৪,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

Md. Hasanuzzaman  
Sub-Assistant Engineer  
Store Division, Dhaka WASA

PAUL SARKER  
Assistant Engineer  
Store Division, Dhaka WASA

(মোঃ ছরোয়ার হোসেন খান)  
নির্বাহী প্রকৌশলী  
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

মোঃ ইকবাল আহমেদ মজুমদার  
উপসহকারী প্রকৌশলী (চর মাঠ)  
এস.এম.ভি.ডি. সি সার্কেল,  
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সাদেক বাশারী  
প্রধান প্রকৌশলী  
ঢাকা ওয়াসা